**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেডের দ্বারা ক্ষতিগ্রস্ত সাতটি কাউন্টির বাসিন্দাদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন কম সুদে ঋণ প্রদান করবে বলে গভর্নর হোকলের ঘোষণা

## *আবেদনকারীদের সাহায্য করার জন্য দুর্যোগকালীন ঋণ প্রচার কেন্দ্রগুলো 25 জানুয়ারি থেকে খোলা থাকবে*

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে আগস্টের মাঝামাঝি সময়ে গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেডের দ্বারা ক্ষতিগ্রস্ত বাড়ির মালিকদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসন (U.S. Small Business Administration) কম সুদে ঋণের ব্যবস্থা করবে। স্টিউবেন কাউন্টি এবং পার্শ্ববর্তী অ্যালিগানি, চেমুং, লিভিংস্টন, অন্টারিও, স্কুয়েলার ও ইয়েটস কাউন্টির বাসিন্দা ও ব্যবসা প্রতিষ্ঠানগুলো এই কম সুদে ঋণ লাভের সুবিধা পাবে।

"গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেড স্টিউবেন কাউন্টির বাসিন্দাদের উপর একটি বিধ্বংসী প্রভাব ফেলেছে - যার প্রভাব এখনো দেখতে পাওয়া যায়," **বলেছেন গভর্নর হোকল।** "যদিও FEMA-র তরফ থেকে কাউন্টিতে ব্যক্তিগত সহায়তা প্রদান করতে অস্বীকৃতি জানানো অত্যন্ত নিরাশাজনক ব্যাপার ছিল, যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের তরফ থেকে কম সুদে পাওয়া এসব ঋণ এই এলাকার বাসিন্দাদের ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে যত দ্রুত সম্ভব নিজেদের পায়ে উঠে দাঁড়াতে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"

জরুরি পরিস্থিতি অথবা আবহাওয়াজনিত দুর্যোগের পরে উপযুক্ত বাড়ির মালিক, ভাড়াটিয়া, ব্যবসা প্রতিষ্ঠান, এবং অন্যদের যখন আর্থিক সহায়তার প্রয়োজন দেখা দেয় সেসময়ে SBA ঋণগুলো প্রায় ক্ষেত্রেই সহায়ক হয়ে থাকে। এই ঘটনার পরে, নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services) ও স্টিউবেন কাউন্টির কর্মীরা এই ঘটনার সঙ্গে সম্পর্কিত ক্ষয়ক্ষতির একটি পুঙ্খানুপুঙ্খ মূল্যায়ন সম্পন্ন করেছে। এই মূল্যায়ন নিশ্চিত করেছে যে 38টি বাড়ি ও 14টি ব্যবসা প্রতিষ্ঠানের বড় ধরনের ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য যথাক্রমে 1,073,000 ডলার ও 1,050,000 ডলার, এবং 84টি বাড়ি ও 12টি ব্যবসা প্রতিষ্ঠান/অলাভজনক সংস্থার ছোটখাট ক্ষয়ক্ষতি হয়েছে যার মোট আর্থিক মূল্য যথাক্রমে 700,000 ডলার এবং 185,000 ডলার।

নিম্নলিখিত গ্রুপগুলো নিম্নলিখিত কারণে SBA-এর দুর্যোগকালীন ঋণ সাহায্য পাওয়ার উপযুক্ত হতে পারে:

- বাড়ির মালিক: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ঘরবাড়ি মেরামত বা প্রতিস্থাপনের জন্য 200,000 ডলার পর্যন্ত
- বাড়ির মালিক ও ভাড়াটিয়া: ক্ষতিগ্রস্ত হওয়া অথবা ধ্বংস হয়ে যাওয়া ব্যক্তিগত সম্পত্তি মেরামত বা প্রতিস্থাপনের জন্য 40,000 ডলার পর্যন্ত
- ব্যবসা প্রতিষ্ঠানের মালিক: স্থাপনা, মালামাল, যন্ত্রপাতি, সরঞ্জাম ও অন্যান্য ভৌত ক্ষয়ক্ষতি প্রতিস্থাপনের জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত
- ব্যবসা প্রতিষ্ঠান ও অলাভজনক সংস্থা: দুর্যোগের পরে স্বাভাবিক কার্যক্রম পুনরায় শুরু না হওয়া পর্যন্ত কাজ চালিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় মূলধন সরবরাহ করতে অর্থনৈতিক ক্ষতির জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত দুর্যোগকালীন ঋণ (Economic Injury Disaster Loans)

**নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস-এর ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন**, "মানসিক চাপ এবং আর্থিক চাপের ফলে অবনতি ঘটতে থাকা পরিস্থিতির কারণে ঝড় পরবর্তী সময়ে পুনর্নির্মাণ করা কখনোই সহজ কাজ হয় না। এসব ঋণ কম সুদে ঋণ প্রদানের মাধ্যমে এই দুর্যোগের দ্বারা ক্ষতিগ্রস্ত নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করবে। স্টিউবেনের বাসিন্দাদের গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেড থেকে সেরে উঠতে সাহায্য করার জন্য SBA-এর সহায়তার জন্য আমি তাদেরকে ধন্যবাদ জানাই।"

সর্বোচ্চ 30 বছর মেয়াদ পর্যন্ত বাড়ির মালিক ও ভাড়াটিয়াদের জন্য সুদের হার সর্বনিম্ন 1.563 শতাংশ এবং অলাভজনক সংস্থাগুলোর জন্য 2.00 শতাংশ এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য 2.855 শতাংশ হতে পারে। ঋণের পরিমাণ ও মেয়াদকাল SBA নির্ধারণ করবে এবং প্রত্যেক আবেদনকারীর আর্থিক অবস্থার উপর নির্ভর করবে।

ভুক্তভোগীদের আবেদন করতে সাহায্য করার জন্য SBA একটি দুর্যোগকালীন ঋণ প্রচার কেন্দ্র (Disaster Loan Outreach Center, DLOC) চালু করেছে। আবেদনকারীদেরকে আবেদন সম্পূর্ণ করতে সহায়তা করার পাশাপাশি SBA-এর দুর্যোগকালীন ঋণ প্রদান কর্মসূচি সম্পর্কিত প্রশ্নের উত্তর দিয়ে সাহায্য করার জন্য গ্রাহক সহায়তা প্রতিনিধিরা প্রস্তুত রয়েছেন। DLOC-এর তথ্য নিম্নরূপ:

**Disaster Loan Outreach Center**
Woodhull New York Town Hall, 1585 Academy Street, Woodhull, N.Y., 14898
**খোলার তারিখ**: মঙ্গলবার, জানুয়ারি 25, সময় 11:00 a.m.-6:00 p.m.
**কার্যদিবস**: সোমবার-শনিবার
**সময়সূচি:**: 9:00 a.m.-6:00 p.m. EDT সোমবার-শুক্রবার; 8:00 a.m.-12:00 p.m. EDT শনিবার
রবিবারে বন্ধ
**স্থায়ীভাবে বন্ধ হবে**: বৃহস্পতিবার, ফেব্রুয়ারি 10, সময় 4:00 p.m.

SBA-এর দুর্যোগকালীন সহায়তা সম্পর্কে আরো তথ্যের জন্য আবেদনকারীরা SBA-এর গ্রাহক পরিষেবা কেন্দ্রে **(800) 659-2955** নম্বরে ফোন করতে পারেন অথবা disastercustomerservice@sba.gov ঠিকানায় ইমেইল পাঠাতে পারেন। বধির বা শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিরা **(800) 877-8339** নম্বরে ফোন করতে পারেন। ঋণের জন্য কাগজের আবেদনপত্র http://www.sba.gov/disaster এখান থেকে ডাউনলোড করা যাবে। পূরণ করা আবেদনগুলো U.S. Small Business Administration, Processing and Disbursement Center, 14925 Kingsport Road, Fort Worth, TX 76155 ঠিকানায় ডাকযোগে পাঠাতে হবে।

ভৌত সম্পত্তির ক্ষয়ক্ষতির জন্য আবেদন জমা দেওয়ার শেষ তারিখ হলো 21 মার্চ, 2022। অর্থনৈতিক ক্ষয়ক্ষতির জন্য আবেদন জমা দেওয়ার শেষ তারিখ হলো 20 অক্টোবর, 2022।

###